স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে

# পারস্পরিক শিখন কার্যক্রম (এইচএলপি)

## ধারণা পত্র (উপজেলা/পৌরসভা কর্মশালা)


### ১। পটভূমিঃ

পারস্পরিক শিখন কার্যক্রম হচ্ছে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের নেতৃত্বে পরিচালিত এমন একটি সমসাথী শিখন প্রক্রিয়া যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এবং বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থার সহযোগিতায় বাস্তবায়িত হচ্ছে। এ কার্যক্রমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ নন্দিত অনুসন্ধানের মাধ্যমে নিজেদের ভাল শিখনসমূহ চিহ্নিত করার পাশাপাশি পারস্পরিক যোগাযোগ ও অভিজ্ঞতা বিনিময় করে এবং তা নিজেদের মতো করে নিজ নিজ কর্মক্ষেত্রে রূপায়ণ করে । এ কার্যক্রমটি স্থানীয় সরকার বিভাগের আওতায় জাতীয় স্থানীয় সরকার ইন্সটিটিউট (এনআইএলজি) এর মাধ্যমে পরিচালিত হচ্ছে।

### ২। পারস্পরিক শিখন কর্মসূচির মূলনীতিঃ

- **প্রশংসা করা:** সবার কাজ ও দক্ষতাকে স্বীকৃতি দেয়া এবং ভাল অনুশীলনগুলোকে অনুসন্ধান করা যা নিজেকে ও অন্যকে উৎসাহিত করবে;
- **সংযোগ স্থাপন করা:** নিজেদের বা প্রতিষ্ঠানসমূহের মধ্যে দূরত্ব কমিয়ে আনা ও ভাল কাজের বিস্তৃতি ঘটানো;
- **অভিযোজন করা:** নতুন শিখন সম্পর্কে নিজেদের উপযোগী করে তোলা;
- **রূপায়ণ:** নতুন কিছু নিজের চোখে দেখে নিজেদের উপযোগী করে বাস্তবায়ন করা।

### ৩। পারস্পরিক শিখন প্রক্রিয়া:




- **ইউনিয়ন পরিষদ (ইউপি) ও পৌরসভাকে অবহিতকরণ:** ব্যক্তিগত যোগাযোগ পত্রালাপ ও বিভিন্ন ধরনের সভা, সেমিনার ও কর্মশালাসহ বিভিন্ন মাধ্যমে পারস্পরিক শিখন প্রক্রিয়া সম্পর্কে ইউপি ও পৌরসভার প্রতিনিধিগণকে অবহিত করা;
- **ইউপি ও পৌরসভা পর্যায়ে ভালো শিখনসমূহ চিহ্নিতকরণ (সূচকসহ):** ইউপি ও পৌরসভার নিয়মিত মাসিক বা উন্নয়ন সমন্বয় সভায় আলোচনার মাধ্যামে নিজেদের ভালো শিখনসমূহ সূচকসহ চিহ্নিত করা;
- **উপজেলা পর্যায়ে ৫টি ভালো শিখন চিহ্নিতকরণ:** উপজেলা পর্যায়ে সকল ইউপি ও পৌরসভা কর্তৃক উপস্থাপিত সকল ভালো শিখনসমূহ কর্মশালায় অংশগ্রহণকারীদের ভোট/মতামত প্রদানের মাধ্যমে অগ্রাধিকার ভিত্তিতে ৫টি ভালো শিখন সূচকসহ নির্বাচন করা;
- **অভিজ্ঞতা বিনিময় সফরের আয়োজন:** ইউপি ও পৌরসভার মধ্যে একে অপরের এলাকা পরিদর্শনের মাধ্যমে নির্বাচিত ভালো শিখনগুলো সম্পর্কে অভিজ্ঞতা অর্জন করা;

- **ইউপি/পৌরসভায় আলোচনা ও বিভিন্ন মেয়াদি পরিকল্পনায় অন্তর্ভুক্তি:** অভিজ্ঞতালব্ধ ভালো শিখনসমূহ ইউপি ও পৌরসভা নিজেদের নিয়মিত সভা ও উন্নয়ন সমন্বয় সভায় আলোচনা করে বিভিন্ন মেয়াদি পরিকল্পনায় (বার্ষিক, পঞ্চবার্ষিক ও অন্যান্য) অন্তর্ভুক্ত করা;
- **ইউপি ও পৌরসভা বাজেটে অন্তর্ভুক্তি:** ইউপি ও পৌরসভার বার্ষিক পরিকল্পনায় নির্বাচিত ভালো শিখনসমূহ বাস্তবায়নের উদ্দেশ্যে নিজেদের বাজেটে অন্তর্ভুক্ত করা;
- **ভালো শিখন রূপায়ণ/বাস্তবায়ন ও ফলাফল যাচাই :** ইউপি ও পৌরসভার বাজেটে অন্তর্ভুক্ত ভালো শিখনসমূহের বাস্তবায়ন করা। পরবর্তীতে উক্ত ভালো শিখনসমূহ সূচক ভিত্তিক মূল্যায়নের উদ্দেশ্যে পরস্পরের এলাকায় পরিদর্শনের মাধ্যমে রূপায়ণকৃত ভালো শিখনগুলো যাচাই করা।

## ৪। উপজেলা/পৌরসভা কর্মশালাঃ

উপজেলা/পৌরসভা কর্মশালা হচ্ছে এমন একটি কার্যক্রম যার মাধ্যমে ইউনিয়ন/পৌরসভা পর্যায়ে ভালো শিখনসমূহ চিহ্নিত করা হয়। এক ইউনিয়ন পরিষদ/পৌরসভা থেকে অন্য ইউনিয়ন পরিষদ/পৌরসভা যাতে সহজে ও সঠিকভাবে ভালো শিখন সম্পর্কে ধারণা পায় সেজন্য ইউনিয়ন পরিষদ/পৌরসভার প্রতিনিধিবৃন্দ কর্তৃক ভালো শিখনসমূহ চিহ্নিতকরণের প্রয়োজনীয়তা রয়েছে। এ কর্মশালার মাধ্যমে ইউনিয়ন পরিষদ/পৌরসভা পারস্পরিক শিখন কর্মসূচিতে অর্ন্তভুক্তির প্রারম্ভিক প্রক্রিয়া হিসাবে ইউনিয়ন, পৌরসভা ও ওয়ার্ড পর্যায়ে চিহ্নিত ভালো শিখনসমূহ নিয়ে পারস্পরিক মতবিনিময় করেন।

## ৫। উদ্দেশ্যঃ

উপজেলা/পৌরসভা কর্মশালার উদ্দেশ্য হচ্ছে-

- ইউনিয়ন পরিষদ/পৌরসভা পারস্পরিক শিখন কার্যক্রমের মুলনীতি এবং প্রক্রিয়া সম্পর্কে জানতে পারবে;
- ইউনিয়ন পরিষদ/পৌরসভা তাদের ভাল শিখনসমুহ সূচকসহ চিহ্নিত করতে পারবে ও অগ্রাধিকার ভিত্তিতে ৫টি ভালো শিখন চিহ্নিত করবে;
- ইউনিয়ন পরিষদ/পৌরসভা তথ্যপত্র (ফ্যাক্টশীট) তৈরি করে সমসাথীদের মধ্যে বিতরন করতে পারবে;
- ইউনিয়ন পরিষদ/পৌরসভা ভালো শিখন রূপায়ণের অগ্রগতি যাচাই প্রক্রিয়া সম্পর্কে ধারণা লাভ করবে।

## ৬। কাঙ্খিত ফলাফলঃ

উপজেলা/পৌরসভা কর্মশালার প্রত্যাশিত ফলাফলের মধ্যে রয়েছে প্রথমত, উপজেলা কর্মশালার প্রতিবেদন তৈরি করা, যাতে ইউনিয়ন পরিষদ/পৌরসভার ভালো শিখনসমূহ সূচকসহ উল্লেখ থাকে এবং পরবর্তী কার্যক্রমের কর্ম-পরিকল্পনা তৈরিতে সহায়ক ভূমিকা পালন করে।

## ৭। অংশগ্রহণকারীঃ

উপজেলা/পৌরসভা কর্মশালায় প্রত্যাশিত মোট অংশগ্রহণকারীগণের মধ্যে থাকবেন- ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, ইউপি সদস্য, ইউপি সদস্য (সংরক্ষিত), ইউপি সচিব / পৌরসভা মেয়র, পৌরসভা কাউন্সিলর, পৌরসভা কাউন্সিলর (সংরক্ষিত), পৌরসভা সচিব, উপজেলা পরিষদের নির্বাচিত জনপ্রতিনিধিবৃন্দ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা পর্যায়ে হস্তান্তরিত কর্মকর্তাবৃন্দ, সহযোগি সংস্থার প্রতিনিধি এবং অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ।

## বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্পঃ

বাংলাদেশে পারস্পরিক শিখন কর্মসূচী প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্প হচ্ছে স্থানীয় সরকার বিভাগের আওতায় জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট (এনআইএলজি) কর্তৃক বাস্তবায়িত একটি ফলাফল ভিত্তিক সমসাথী শিখন কার্যক্রম। এই কার্যক্রমের মূল উদ্দেশ্য হচ্ছে ভাল শিখনসমূহ প্রাতিষ্ঠানীকীকরণের মাধ্যমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহকে অধিকতর সক্ষম করে গড়ে তোলা, যাতে নিজেদের মধ্যে ভাল শিখনসমূহ চিহ্নিত, বিনিময় এবং রূপায়ণ সহজতর হয়।

**প্রকল্পের উদ্দেশ্য:**

১) এইচএলপি প্রাতিষ্ঠানিকীকরণের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগ এবং এনআইএলজি'র সহায়তায় স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ বিভিন্ন ভালো শিখনগুলো চিহ্নিত ও বিশ্লেষণ করে সংশ্লিষ্ট আইন/বিধি/পরিপত্র/নীতমালা প্রণয়নে সহায়ক ভূমিকা পালন করবে;

২) এইচএলপি কার্যক্রমের মূল্যায়ণ এবং মাননিয়ন্ত্রণের মধ্য দিয়ে স্থানীয় জনগণের জীবনমানের ইতিবাচক পরিবর্তন ঘটানো;

৩) ইউনিয়ন পরিষদের ন্যাশনাল বেসিক ক্যাপাসিটি ডেভেলপমেন্ট ফ্রেমওর্য়াক যুগোপযোগী করা হবে, পাশাপাশি অন্যান্য স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের উপযোগী ক্যাপাসিটি ডেভেলপমেন্ট ফ্রেমওর্য়াক তৈরিতে উৎসাহ প্রদান করা হবে।

**প্রকল্প বাস্তবায়ন মেয়াদ:** অক্টোবর, ২০১৮ থেকে সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

**কর্মপরিকল্পনা:** প্রকল্পটির মাধ্যমে ৩৩টি জেলার ২০০টি উপজেলায় মোট ১৫০টি পৌরসভা এবং ২০০০টি ইউনিয়ন পরিষদে এ কার্যক্রম পরিচালনা করা হবে।

**প্রকল্প এলাকা:** ৩৩টি জেলা নিম্নরুপ :

রংপুর বিভাগ: রংপুর, দিনাজপুর, কুড়িগ্রাম, গাইবান্ধা।
রাজশাহী বিভাগ: রাজশাহী, সিরাজগঞ্জ, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ।
সিলেট বিভাগ: মৌলভিবাজার, সুনামগঞ্জ।
চট্টগ্রাম বিভাগ: ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার।
ঢাকা বিভাগ: ফরিদপুর, গোপালগঞ্জ, গাজীপুর, মুন্সিগঞ্জ, নরসিংদি, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, টাঙ্গাইল।
খুলনা বিভাগ: খুলনা, সাতক্ষীরা, মেহেরপুর, যশোর, মাগুরা।
বরিশাল বিভাগ: বরিশাল, পটুয়াখালী, বরগুনা।
ময়মনসিংহ বিভাগ: শেরপুর, জামালপুর।

**প্রকল্পের মূল কার্যক্রম সমূহ:**

- ✓ ভালো শিখনসমূহের তথ্যপত্র (ফ্যাক্টশিট), এমআইএস (ওয়েবভার্সন) এবং ডাটাবেজ (তথ্যভান্ডার) তৈরী করা;
- ✓ জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে পারস্পরিক শিখন কর্মসূচী (এইচএলপি) বিষয়ক সভা, সেমিনার, প্রশিক্ষণ আয়োজন করা;
- ✓ প্রকল্প মেয়াদে নূন্যতম ২০টি সর্বোত্তম ভালো শিখন (Best Practice) চিহ্নিত করা;
- ✓ জাতীয় পর্যায়ে ১২০ জন চ্যাম্পিয়ন কে (নির্বাচিত জন প্রতিনিধি/কর্মচারী/সাধারণ জনগণ) পুরুষ্কৃত করা যারা সক্রিয় ভাবে ভালো শিখন কার্যক্রমের সাথে যুক্ত থেকে দেশের অন্যান্য জায়গায় এ কার্যক্রমকে ছড়িয়ে দিতে সহায়তা করার পাশাপাশি জেন্ডার বিষয়ক উন্নয়নে ভূমিকা রাখবেন;
- ✓ নূন্যতম ১৭০০ স্থানীয় সরকার প্রতিষ্ঠানকে (ইউনিয়ন পরিষদ ও পৌরসভা) রাজস্ব বাজেটে এইচএলপি কার্যক্রম অন্তর্ভুক্তির মাধ্যমে ধারাবাহিকতা বজায় রাখতে সচেষ্ট করা;
- ✓ নূন্যতম ৫০টি উপজেলাকে তাদের নিজস্ব ব্যবস্থাপনায় এইচএলপি উপজেলা কর্মশালা পরিচালনায় সক্ষম করা;
- ✓ জেলা পর্যায়ে ১০টি এইচএলপি কর্মশালা বাস্তবায়নের কাজ সম্পন্ন করা;
- ✓ নূন্যতম ১০টি ভালো শিখন বিভিন্ন প্রশিক্ষণে নিয়মিত বিষয়/পদ্ধতি/উদাহরণ হিসেবে ব্যবহৃত করা;
- ✓ এইচএলপি বিষয়ক নূন্যতম একটি সেশন এনআইএলজি'র প্রতিটি প্রশিক্ষণে নিয়মিতভাবে পরিচালনা করা;
- ✓ এনআইএলজি'র বুনিয়াদি প্রশিক্ষণের অংশ হিসাবে মাঠ পরিদর্শন কার্যক্রমটি ভালো শিখন চিহ্নিত ইউনিয়ন ও পৌরসভায় আয়োজন করা;
- ✓ সর্বোচ্চ ৫টি পলিসি এডভোকেসি নোট তৈরি করা যার মধ্য থেকে নূন্যতম ২টি পরিপত্র/সার্কুলার জারীর বিষয়ে স্থানীয় সরকার বিভাগকে সহায়তা প্রদান করা হবে।

# কর্মশালা সূচি

স্থানঃ ---------------------------------------------।　　　　　　　　　　তারিখঃ　_ মার্চ, ২০২০।

| সময় | কার্যক্রম | দায়িত্বে |
|---|---|---|
| সকাল ০৯:০০-০৯:৩০ মি. | রেজিস্ট্রেশন | উপজেলার প্রশাসন |
| ০৯:৩০ মি.-১০:৩০ মি: | পরিচিতি পর্ব | পারস্পরিক শিখন সহায়ক প্রতিষ্ঠানের প্রতিনিধি |
| | স্বাগত বক্তব্য | উপজেলা চেয়ারম্যান /নির্বাহী অফিসার, উপজেলা পরিষদ |
| | কর্মশালার পরিবেশ তৈরী | জড়তা দূরীকরণ ও ইতিবাচক পরিবেশ তৈরি |
| | পারস্পরিক শিখন এর প্রেজেন্টেশন | |
| | অন্যান্য অতিথির বক্তব্য | |
| সকাল ১০:৩০-১০:৪৫ মি. | চা বিরতি | |
| সকাল ১০:৪৫-১১:১৫ মি. | দলীয় কাজ: প্রত্যেক ইউনিয়ন ভিত্তিক ভাল শিখন সমূহ চিহ্নিতকরণ | অংশগ্রহণকারী |
| সকাল ১১:১৫-১১:৪৫ মি. | ইউনিয়ন ভিত্তিক দলীয় কাজের উপস্থাপনা | অংশগ্রহণকারী |
| সকাল ১১:৪৫-১২:২৫ মি. | ভোটের মাধ্যমে সর্বোত্তম ৫টি ভাল শিখন নির্বাচন করা অংশগ্রহণকারী | অংশগ্রহণকারী (শুধুমাত্র জনপ্রতিনিধিবৃন্দ কর্তৃক ভোট দেয়া ) |
| সকাল ১২:১৫-দুপুর ১:০০ মি. | দলীয় কাজ: নিবাচিত ৫টি ভাল শিখন যাচাইয়ের জন্য সূচক নির্ধারণ করা | ফ্যাসিলিটেটর |
| দুপুর ১:০০ মি.-দুপুর ২:০০ মি. | দুপুরের খাবারের জন্য আমন্ত্রণ | |
| দুপুর ২:০০ মি.-২:৩০ মি. | পারস্পরিক শিখন কার্যক্রমে অংশগ্রহণের জন্য পরবর্তী পদক্ষেপের পরিকল্পনা তৈরী করা | ফ্যাসিলিটেটর |
| দুপুর ২:৩০ মি.-২:৪৫ মি. | উন্মুক্ত আলোচনা | |
| দুপুর ২:৪৫-৩:০০ মি. | সমাপনী বক্তব্য | উপজেলা নির্বাহী অফিসার |
| দুপুর ৩:০০ মি. | দলীয় ছবি | |

**নির্বাচিত শ্রেষ্ঠ ৫টি মতামত/পরামর্শ পরবর্তী নিউজলেটারে ছাপা হবে**